



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
রেজিস্ট্রারের কার্যালয়  
বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১  
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-২১/২০১৭/৪১৯

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ ব.  
৩০ মার্চ ২০২৬ খ্রি.


বিষয়: গভর্নিং বডি'র সভাপতি মনোনয়ন বাতিলের আবেদন পত্র প্রসঙ্গে।

সূত্র:নু:ফা:মা/নন্দী/বগ/১০৯৯/২০২৬, তারিখ: ০৮.০৩.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নুদহ ফাজিল মাদরাসা, নন্দীগ্রাম, বগুড়া-এর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক ০৩.০৩.২০২৬ খ্রি. তারিখের ইস্যুকৃত গভর্নিং বডি'র সভাপতি মনোনয়নের চিঠি বাতিলের বিষয়ে বিশ্ববিদ্যালয়ে আবেদন দাখিল করেছেন। উক্ত বিষয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় তৃতীয় সংবিধি প্রাথমিক পাঠদান অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত মাদরাসাসমূহের গভর্নিং বডি ও এডহক কমিটি সংক্রান্ত সংবিধি-২০২৩ এর বিধি (১) এর ১ অনুযায়ী মাননীয় ভাইস-চ্যান্সেলর গত ০৩.০৩.২০২৬ খ্রি. তারিখে ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-২১/২০১৭/৩৬৬ স্মারক মূলে উক্ত গভর্নিং বডি'র সভাপতি মনোনয়ন প্রদান করেছেন, যা আইনগতভাবে বলবৎ রয়েছে।

এমতাবস্থায়, আপনার প্রেরিত গভর্নিং বডি'র সভাপতি মনোনয়ন পত্র বাতিলের উদ্যোগ সুস্পষ্টভাবে আইন পরিপন্থী ও শিষ্টাচার বহির্ভূত। অতএব, ভবিষ্যতে এ ধরনের বিধিবহির্ভূত কার্যক্রম থেকে বিরত থাকার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

  
৩০/০৩/২০২৬  
(ফাহাদ আহমদ মোমতাজী)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
মোবাইল: ০১৭০৫৪০৮০০১  
মেইল: iauregistr@gmail.com

প্রাপক

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

নুদহ ফাজিল মাদরাসা


উপজেলা- নন্দীগ্রাম, জেলা- বগুড়া।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-২১/২০১৭/৪১৯(৪)

তারিখ: ৩০ মার্চ ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ড. মোহা: হাছানাৎ আলী, সভাপতি, নুদহ ফাজিল মাদরাসা, নন্দীগ্রাম, বগুড়া।
২. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. সংশ্লিষ্ট নথি ও মহানথি।

  
৩০.০৩.২০২৬  
(মো: শাহ নেওয়াজ)  
সহকারী রেজিস্ট্রার  
মোবাইল: ০১৭১১-৬৬৫৪০৫